গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৫০.১৬.০০৮.২১. ৫০ — তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩১ / ০৫ ডিসেম্বর ২০২৪

বিষয়: **২০২৪-২০২৫ অর্থবছরে বর্ধিত কোটায় বেদে, অনগ্রসর ও হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা এবং উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা বৃদ্ধিকরণ এবং সংশ্লিষ্ট এলাকায় ব্যাপক প্রচার প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: সমাজসেবা অধিদপ্তরের স্মারক নম্বর ৪১.০১.০০০০.০৫৬.১৬.০০১.২১ তারিখ: ০৯ অক্টোবর ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থবছরে বেদে, অনগ্রসর ও হিজড়া জনগোষ্ঠীর বিশেষভাতা এবং শিক্ষা উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত আবেদন গ্রহণের সময়সীমা ৩০ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। কিন্তু সময় স্বল্পতার কারণে মাঠপর্যায়ে এখনো অনেক বেদে, অনগ্রসর ও হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা এবং উপবৃত্তি প্রার্থী অনলাইনে আবেদন করতে পারেননি। তাদের সুবিধার্থে আগামী ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত অনলাইন https://dss.bhata.gov.bd/online-Application লিংকে আবেদন গ্রহণের সময়সীমা বৃদ্ধি করা হলো।

উল্লেখ্য যে, মাঠপর্যায়ে বেদে, অনগ্রসর ও হিজড়া বিশেষ ভাতা এবং শিক্ষা উপবৃত্তির আবেদনের সময়সীমা বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা তাঁর কর্ম এলাকায় ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন। পূর্বের অনলাইনে আবেদন গ্রহণের সকল শর্তাবলী বলবৎ থাকবে।

০৫.১২.২০২৪
(মো: মোশাররফ হোসেন)
পরিচালক
সামাজিক নিরাপত্তা
ফোন: ০২-৪৪৮২৬৮০১

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবন;
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৩. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৪. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. জেলা প্রশাসক (সকল);
৭. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়;
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৯. সমাজসেবা অফিসার, উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় (সকল);
১০. সমাজসেবা অফিসার, তেজগাঁও সার্কেল, ঢাকা;
১১. অফিস কপি।